

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০৩৩.২৫-৭৬

তারিখ: ০৬ ফাল্গুন ১৪৩২
১৭ ফেব্রুয়ারি ২০২৬

বিষয় : সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮-এর ৭(৮)(৯) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ।


যেহেতু, আপনি জনাব মোঃ ফিরোজ আলম, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর পদে যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর চট্টগ্রাম কার্যালয়ে কর্মরত আছেন। আপনি গত ১৮-০২-২০২৫ খ্রি. হতে ২১-০৯-২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত মোট ২৪১ দিন কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকেন। আপনার অননুমোদিত অনুপস্থিতির বিষয়টি প্রাথমিক তদন্তে প্রমাণিত হয় এবং তদন্তকালীন আপনি উপস্থিত থেকে অসুস্থতাজনিত কারণে অনুপস্থিত ছিলেন মর্মে লিখিতভাবে স্বীকারোক্তি প্রদান করেন। কিন্তু অসুস্থতা সংক্রান্ত ডাক্তারি সনদ / প্রত্যয়ন বা কোনো রেকর্ডপত্র দেখাতে পারেননি। আপনার উপরোক্ত অননুমোদিত অনুপস্থিতির কারণে স্থানীয় কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রম বিঘ্ন ঘটে। বর্ণিত অভিযোগে অত্র দপ্তরের ২১-১০-২০২৫খ্রি. তারিখের ৩৪.০১.০০০০.০০৭.২৭.০০৩৩.২৫-৪০৫ সংখ্যক স্মারকে আপনার বিরুদ্ধে বিভাগীয় মামলা (১৪/২০২৫) রুজু করা হয়;

যেহেতু, উক্ত বিভাগীয় মামলায় আনীত অভিযোগের বিষয়ে আপনি লিখিত জবাব দাখিল করেন। জবাবে ব্যক্তিগত শুনানি দিতে আগ্রহ প্রকাশ করায় ১২-০১-২০২৬ খ্রি. তারিখে আপনার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। শুনানিকালীন আপনার প্রদত্ত বক্তব্য ও নথি পর্যালোচনায় অভিযোগসমূহ অধিকতর তদন্তের প্রয়োজন হওয়ায় বিধি মোতাবেক বিভাগীয় তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। সে মোতাবেক তদন্ত কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন। প্রাপ্ত তদন্ত প্রতিবেদনে ১৮-০২-২০২৫ খ্রি. হতে ২১-০৯-২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত মোট ২৪১ (দুইশত একচল্লিশ) দিন এবং পরবর্তীতে ২২-০৯-২০২৫ হতে ০১-০২-২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত ১৩৩ (একশত তেত্রিশ) দিনসহ সর্বমোট ৩৭৪ (তিনশত চুয়ান্ন) দিন কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

যেহেতু, রুজুকৃত বিভাগীয় মামলায় আপনার লিখিত জবাব, তদন্ত কর্মকর্তা নিয়োগ, প্রাপ্ত তদন্ত প্রতিবেদনে ৩৭৪ (তিনশত চুয়ান্ন) দিন বিনানুমতিতে অনুপস্থিত প্রমাণিত হওয়া, সংশ্লিষ্ট বিধি-বিধান ও সার্বিক বিষয়াদি পর্যালোচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮-এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক আপনার বিরুদ্ধে অসদাচরণ ও পলায়নের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩) বিধিমতে আপনার বিরুদ্ধে গুরুদণ্ড আরোপের সিদ্ধান্ত গৃহীত হয়েছে ;

সেহেতু, এক্ষণে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮-এর ৪(৩)(ঘ) বিধিমতে কেন আপনার বিরুদ্ধে চাকরি হইতে বরখাস্তকরণ বা অন্য কোনো গুরুদণ্ড আরোপ করা হবে না, তার কারণ পত্র প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর লিখিতভাবে দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

সংযুক্তি-তদন্ত প্রতিবেদন ০২ পাতা।



(ড. গাজী মোঃ সাইফুজ্জামান)
মহাপরিচালক (গ্রেড-১)
ফোন : ২২৩৩৮৯৩৮৯।


জনাব মোঃ ফিরোজ আলম
অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর
যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, চট্টগ্রাম।

স্মারক নং- ৩৪.০১.০০০০.০০৭.২৭.০৩৩.২৫-১৬

তারিখ: ০৮ ফাল্গুন ১৪৩২
৩২ ফেব্রুয়ারি ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। পরিচালক----- (সকল), মহাপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, চট্টগ্রাম।
- ০৪। কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, চট্টগ্রাম (বিষয়টি সংশ্লিষ্ট কর্মচারীকে অবহিতকরণের অনুরোধসহ)।
- ✓ ০৫। প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৬। সহকারী পরিচালক (প্রশাসন), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (পত্রটি সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত নথিতে সংরক্ষণের ব্যবস্থা নিতে অনুরোধসহ)।
- ০৭। মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৮। পরিচালক(প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।


(নাজমুল) ৩২.০২.২০২৬

সহকারী পরিচালক (শৃঙ্খলা)
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
ফোন: ০২২২৩৩৮৭৭৭৩